

আপনার চিকিৎসক আপনার উপসর্গসমূহ পরীক্ষার জন্য আজ জরুরি ভিত্তিতে হাসপাতাল এপয়েন্টমেন্টের সুপারিশ করেছেন। যেহেতু এটা জরুরি সেহেতু আপনাকে দুই সপ্তাহের মধ্যে এপয়েন্টমেন্ট দেয়া হবে। আপনার এপয়েন্টমেন্টটি একটি ক্লিনিকে একজন বিশেষজ্ঞ চিকিৎসকের সাথে হতে পারে, অথবা একটা রোগ নির্ণয় পরীক্ষা হতে পারে, যেমন ক্যান্সারের দ্বারা পরীক্ষা।

আপনার উপসর্গসমূহ বিভিন্ন সাধারণ রোগের সাথে যুক্ত হতে পারে, এর মধ্যে রয়েছে ক্যান্সারের সম্ভাবনা। যাদের জন্য এই পরীক্ষার সুপারিশ আসে, তাদের প্রতি দশজনের মধ্যে নয়জনের ক্ষেত্রেই এটা ক্যান্সার হিসেবে চিহ্নিত হবে না। যি হোক না কেন, চিকিৎসার প্রয়োজন হতে পারে এমন রোগসমূহ প্রাথমিক পর্যায়ে চিহ্নিত করা গুরুত্বপূর্ণ।

আগামী কয়েকদিনের মধ্যে এপয়েন্টমেন্টের জন্য হাসপাতাল থেকে আপনার সাথে যোগাযোগ করা হবে। দশ দিনের মধ্যে যোগাযোগ করা না হলে আপনার জিপির সেক্রেটারিকে এই চিঠিতে দেয়া নম্বরে কল করুন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আপনি সর্বাস্তবকরণে এই এপয়েন্টমেন্টে উপস্থিত থাকার চেষ্টা করবেন।

আপনাকে হাসপাতালে কিছু টেস্ট করাতে হতে পারে যেগুলো বিশেষজ্ঞকে আপনার উপসর্গসমূহের কারণ বুঝতে সাহায্য করবে। এই টেস্টগুলো হতে পারে:

রক্ত পরীক্ষা

এক্স-রে

স্ক্যান (CT/MRI)

ক্যান্সার পরীক্ষা

আপনার স্ক্যান নাকি ক্যান্সার দ্বারা পরীক্ষা করা প্রয়োজন হবে তা আপনাকে আগে থেকে জানানো হবে, অতএব দয়া করে আপনাকে দেয়া নির্দেশাবলী মেনে চলবেন। আপনাকে একই দিনে ফলাফল দেয়া হতে পারে। বিশেষজ্ঞ আপনাকে আরো তথ্য দিতে সক্ষম হবেন এবং পরবর্তী পদক্ষেপসমূহগুলো কী হবে তা বলতে পারবেন।

আপনি সাথে পরিবারের একজন সদস্য বা বন্ধুকে নিয়ে আসতে পারেন। ডাক্তাররা আপনার সাথে যা আলোচনা করবেন তা সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে এটা কাজে আসতে পারে। এই রেফারেল বা সুপারিশ সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে আপনার জিপির সাথে যোগাযোগ করুন।

জরুরী সুপারিশ সম্পর্কে আরো তথ্য জানতে হলে নিচের ওয়েবসাইট ভিজিট করুন:

<http://www.cancerresearchuk.org/cancer-symptoms/what-is-an-urgent-referral>

এপয়েন্টমেন্টের জন্য অপেক্ষা করাকালীন সময়ে আপনার স্বাভাবিক কর্মকাণ্ড/ব্যায়াম চালিয়ে যাওয়ার পরামর্শ দেয়া হচ্ছে। যদি পরবর্তীতে চিকিৎসার প্রয়োজন হয়, এর একটা গুরুত্বপূর্ণ অংশ হবে আপনার শারীরিক সুস্থতা সর্বোচ্চ মাত্রায় নিয়ে যাওয়া- উদাহরণ স্বরূপ ধূমপান বন্ধ করা এবং শারীরিক কাজের মাত্রা বাড়ানো।